দৈনিক জনকণ্ঠ

তারিখ DEC. 09 1999

পৃষ্ঠা ৩ কলাম ৪

২৭০

## দাবি আদায়ের লক্ষ্যে বেসরকারী শিক্ষকদের সভা অনুষ্ঠিত

বেসরকারী হাই স্কুল শিক্ষক ও কর্মচারীদের চাকরি জাতীয়করণের লক্ষ্যে বাংলাদেশ শিক্ষক সমিতির (নজরুল) উদ্যোগে এক সভা অনুষ্ঠিত হয়। সমিতির সভাপতি সাখাওয়াত হোসেনের সভাপতিত্বে সম্প্রতি অনুষ্ঠিত এ সভায় বক্তব্য রাখেন নজরুল ইসলাম, খলিলুর রহমান ভুঁএগা, ফুরকান আহমদ, হুমায়ুন কবীর প্রমুখ। সভায় বক্তাগণ আগামী ৩১ ডিসেম্বরের মধ্যে দাবি মানা না হলে ১৯৯৪ সালের স্থগিত আন্দোলন পুনরুজ্জীবিত করে বৃহত্তর আন্দোলন করা হবে বলে ঘোষণা দেন। —বিজ্ঞপ্তি।